



প্রথম আলো

প্রথম আলো, ২৯-০৯-২০২৩, অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে শীতকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত



রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ছবি: সংগৃহীত

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ২০২৩ সালের শীতকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। গত বুধবার রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শীতকালীন সেমিস্টারে ১১টি বিভাগের স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রায় ২ হাজার ২০০ শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম ও সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয় নবীন শিক্ষার্থীদের। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম এম শহিদুল হাসান। স্বাগত বক্তব্য দেন সহ-উপাচার্য মুহাম্মাদ জিয়াউল হক। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের ডিনরা নবীনদের উদ্দেশে বক্তব্য দেন।

অনুষ্ঠানে বক্তারা নবীন শিক্ষার্থীদের আত্মবিশ্বাসী নাগরিক হয়ে গড়ে ওঠার তাগিদ দেন। সেই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনে কঠোর অধ্যবসায়ের পাশাপাশি বিভিন্ন ক্লাব, গবেষণাগার এবং লাইব্রেরিতে সক্রিয় হয়ে একজন দক্ষ মানবসম্পদ রূপে নিজেকে গড়ে তোলার প্রস্তুতি নিতে পরামর্শ দেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা এবং বিপুলসংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।